ওয়েবপোর্টাল ও নোটিশ বোর্ডে দিন

ডকেট নং........

তাং ২১।০৯।২৪

উপজেলা নির্বাহী অফিসার

জেলা পরিষদ কার্যালয়

লালমনিরহাট।

www.zplalmonirhat.gov.bd

স্মারক নং-জেপ/লাল/২০২৪/৪৪৯

তারিখ : ০৮/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ

ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা পরিষদ, লালমনিরহাট এর মালিকানাধীন লালমনিরহাট জেলার ক) সদর উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম কমিউনিটি সেন্টার, খ) পুরাতন মিলনায়তন গ) কালীগঞ্জ উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম মাল্টিপারপাস হল এবং ঘ) পাটগ্রাম উপজেলায় অবস্থিত ৫০০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম-কাম মাল্টিপারপাস হল গুলো (যে অবস্থায় আছে) ০১/১১/২০২৪ খ্রিষ্টাব্দ হতে ৩১/১০/২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত ০৩(তিন) বছরের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সার্বিকভাবে পরিচালনার জন্য ইজারা প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তি/ব্যবসায়ী/প্রতিষ্ঠানের নিকট হতে প্রতিটি অডিটোরিয়াম-কাম মাল্টিপারপাস হল, কমিউনিটি সেন্টার ও পুরাতন মিলনায়তনের জন্য নির্ধারিত ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যের পৃথক দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। দাখিলকৃত দরের ১০০% ভাগ টাকা এবং উদ্ধৃত দরের উপর ১৫% ভ্যাট, ১০% আয়কর, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট এর অনুকূলে ইজারা বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের পরে ইস্যুকৃত যে কোন তফশীল ব্যাংকের পে-অর্ডার এর মাধ্যমে দাখিল করতে হবে।

তারিখসহ দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থানের বিবরণঃ

ক্র. নং	কার্যক্রম	১ম দফা	২য় দফা	৩য় দফা
১	দরপত্র বিক্রয়ের শুরুর তারিখ	১৫/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ (সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত)	০৬/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত)	১৭/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (সকাল ৯.০০ ঘটিকা হতে অফিস চলাকালীন সময় পর্যন্ত)
২	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ।	০১/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	১৪/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)	২৪/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (অফিস চলাকালীন সময় পর্যন্ত)
৩	দরপত্র দাখিলের তারিখ ও সময়।	০২/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত)	১৫/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত)	২৭/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত)
৪	দরপত্র বিক্রয় এবং দাখিলের স্থান।	১। জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। ২। জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট। ৩। পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট। ৪। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়	১। জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। ২। জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট। ৩। পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট। ৪। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।	১। জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট। ২। জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট। ৩। পুলিশ সুপারের কার্যালয়, লালমনিরহাট। ৪। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
৫	দরপত্র বাক্স খোলার তারিখ, সময় ও স্থান।	০২/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (বেলা ৪.৩০ ঘটিকা) জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট।	১৫/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (বেলা ৪.৩০ ঘটিকা) জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট।	২৭/১০/২০২৪ খ্রিষ্টাব্দ (বেলা ৪.৩০ ঘটিকা) জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাট।

শর্ত সমূহ :

১। যে কোনো দরদাতা ইচ্ছা পোষণ করলে একাধিক অডিটোরিয়ামের জন্য দরপত্র দাখিল করতে পারবেন তবে সেক্ষেত্রে প্রতিটি অডিটোরিয়ামের জন্য পৃথক সিডিউল ক্রয়পূর্বক দাখিল করতে হবে।

২। সর্বোচ্চ দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে ডাকমূল্যের উপর ১০% টাকা নিরাপত্তা জামানত বাবদ জমা গ্রহণ সাপেক্ষে ইজারার কার্যাদেশ প্রদান করা হবে। ইজারা মেয়াদ শেষে এ নিরাপত্তা জামানত ফেরত দেয়া হবে।

৩। কোন ত্রুটি যুক্ত লেখা (ওভার রাইটিং) দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৪। অনুমোদিত দরপত্র দাতা কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নিরাপত্তা জামানত বাবদ অর্থ ০৭(সাত) কার্য দিবসের মধ্যে পরিশোধসহ যথারীতি চুক্তি পত্র সম্পাদনে ব্যর্থ হলে দরপত্রের সাথে দাখিলকৃত অর্থ জেলা পরিষদের অনুকূলে বাজেয়াপ্ত করণ সহ দরপত্র বাতিল করা হবে।

৫। অডিটোরিয়ামটির বিদ্যুৎ বিল প্রতি মাসের পরিশোধের সর্বশেষ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরিশোধিত বিলের এক কপি জেলা পরিষদে দাখিল করতে হবে। বিদ্যুৎ বিল বকেয়ার কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে জেলা পরিষদ দায়ী থাকবে না।

৬। ইজারা বিজ্ঞপ্তি ও কার্যাদেশে উল্লিখিত শর্তাবলী ইজারা গ্রহীতা মেনে চলতে বাধ্য থাকবেন।

৭। ইজারা গ্রহীতাকে ইজারার মেয়াদের মধ্যে সকল প্রকার প্রয়োজনীয় মেরামত বা রক্ষণাবেক্ষণ খরচ বহন করতে হবে এবং অডিটোরিয়ামটি সচল রাখতে হবে। তালিকাভুক্ত আসবাবপত্র নষ্ট করা যাবেনা। নষ্ট হলে ইজারাগ্রহীতা মেরামত করতে বাধ্য থাকবেন।

৮। অডিটোরিয়ামের উন্নয়ন /নির্মাণ/সংস্কার কার্যক্রম গ্রহণ করা হলে বরাদ্দ গ্রহীতা কোনরূপ বাঁধা সৃষ্টি করতে পারবেন না।

৯। বিদ্যুৎ বিল, পৌরকর সহ যাবতীয় বিল বরাদ্দ গ্রহণকারীকে পরিশোধ করতে হবে। ইজারা গ্রহণকারী পৌরকর বাবদ টাকা জেলা পরিষদ এর পক্ষে দাখিল করবেন। বিলের কপি জেলা পরিষদে দাখিল করতে হবে। ইজারা মেয়াদের মধ্যে বিদ্যুৎ বিল সহ যাবতীয় বিল পরিশোধ করে অডিটোরিয়াম হস্তান্তর করতে হবে।

১০। অডিটোরিয়াম সাব লীজ দেয়া যাবে না এবং জেলা পরিষদের অনুমতি ব্যতিরেকে কোন প্রকার অবকাঠামো এর আকৃতিগত পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন/বিক্রয় করা যাবেনা। এ ছাড়া কোন ধরণের ক্ষয়ক্ষতি হলে তা নিজ খরচে পূরণ করে দিতে হবে।

১১। অবৈধ দ্রব্য সংরক্ষণ বা বিপননের জন্য অডিটোরিয়ামটি ব্যবহার করা যাবে না। কোন রকম অবৈধ মেলা/হাউজি/জুয়া ইত্যাদি আয়োজন করা যাবে না। এর ব্যত্যয় হলে ইজারা বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। দর্শনার্থীদের/ব্যবহারকারীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে হবে। করোনা সহ বৈশ্বিক যেকোনো ধরণের মহামারীর প্রভাব বৃদ্ধি পেলে জেলা পরিষদ তথা সরকার কর্তৃক নির্দেশনা মেনে চলতে হবে।

১৩। রাত্রিকালীন সময়ে পর্যাপ্ত আলো ও নিরাপত্তার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

১৪। অযৌক্তিক বা অতিরিক্ত ভাড়া আদায় করা যাবে না।

১৫। অডিটোরিয়ামের ব্যবস্থাপনার স্বার্থে জেলা পরিষদের পক্ষে নিয়োজিত কর্মচারী যথানিয়মে দায়িত্ব পালন করবে।

১৬। জেলা পরিষদ ও জেলা প্রশাসনের নিজস্ব অনুষ্ঠানে ভাড়া গ্রহণ করা যাবে না।

১৭। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল দরপত্র আংশিক বা সম্পূর্ণ গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৪/০৯/২৪

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯৯৮৬৮৩৪
ই-মেইল - zillaparishadlmh@yahoo.com

স্মারক নং-জেপ/লাল/২০২৪/(২৬)

তারিখ: ২৪/০৫/১৪৩১ বঙ্গাব্দ
০৮/০৯/২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। প্রশাসক, জেলা পরিষদ, লারমনিরহাট।
৬। পুলিশ সুপার, লালমনিরহাট।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত, লালমনিরহাট।
৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। [বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
১০। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট।
১১। অফিসার ইনচার্জ, সকল থানা, লালমনিরহাট।
১২। সভাপতি/সম্পাদক, চেম্বার অব-কমার্স, লালমনিরহাট।
১৩। সদস্য, (সকল), জেলা পরিষদ, লালমনিরহাট।
১৪। সিএ টু প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট। [ওয়েবসাইটে প্রকাশের জন্য]
১৫। দৈনিক ....আপনার পত্রিকায় ০১(এক) দিনের জন্য ভিতরের পাতায় প্রকাশের অনুরোধ করা হলো।

০৪/০৯/২৪

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভা.)
জেলা পরিষদ, লালমনিরহাট।
ফোন: ০২৫৮৯৯৮৬৮৩৪
ই-মেইল - zillaparishadlmh@yahoo.com